E:\Zamir-I\Zamir\Endosement Letter.doc63

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
**(প্রশাসন-১ শাখা)**
www.lgd.gov.bd

**উন্নয়নের গণতন্ত্র**
**শেখ হাসিনার মূলমন্ত্র**

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১২. ২০১৫- ১৪০

তারিখঃ ০৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়া এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজন।

সূত্রঃ ০৪.০০.০০০০.৪২৩.২২.০০১.১৮-০১ তারিখঃ ১১/০১/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়া এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজন বিষয়ক পরিপত্রটি এতদ্‌সংগে প্রেরণ করা হল। উক্ত পরিপত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৮/০১/২০১৮

(মোঃ শহীদুল ইসলাম)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ ঃ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

**উন্নয়নের গণতন্ত্র**
**শেখ হাসিনার মূলমন্ত্র**

নং-৪৬.০৪৬.০১৬.০০.০০.০১৬.২০১৬- ৭২

তারিখ: ২২ জানুয়ারি ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০৫ (পাঁচ) পাতা।

২২/০১/২০১৮

(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭
E-mail: uz1lgd@gmail.com

০১। চেয়ারম্যান (সকল), ..............................উপজেলা পরিষদ,...................জেলা।
০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),........................উপজেলা,................জেলা।

অনুলিপি (জ্ঞাতার্থে):
০১। জেলা প্রশাসক (সকল), ........................।
০২। উপসচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
০৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বিধি অধিশাখা
www.cabinet.gov.bd

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্ম-সচিব
১) প্রশাসন
২) উন্নয়ন
৩) নগর উন্নয়ন
৪) পাস
৫) আইন
ডাইরি নম্বরঃ
২৮ পৌষ ১৪২৪
তারিখ:

নম্বর-০৪.০০.০০০০.৪২৩.২২.০০১.১৮.০১

সচিব মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।
একান্ত সচিব

১১ জানুয়ারি ২০১৮

## পরিপত্র

বিষয়: **শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়া এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজন।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৪(১) অনুচ্ছেদ অনুসারে প্রজাতন্ত্রের জাতীয় সংগীত 'আমার সোনার বাংলা'র প্রথম দশ চরণ। The National Anthem Rules, 1978-এ দেশের সকল বিদ্যালয়ে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে দিনের কার্যক্রম শুরু করার বিধান রয়েছে।

০২। শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়া এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে সরকার দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ে দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আন্তঃশ্রেণি প্রতিযোগিতার মাধ্যমে শুরু হয়ে ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিভাগীয় পর্যায়ে বাছাইকৃত প্রতিযোগীদের মধ্য থেকে চূড়ান্ত প্রতিযোগিতার মাধ্যমে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ দল নির্বাচন করা হবে। প্রতিটি পর্যায়ে শ্রেষ্ঠ তিনটি দলকে পুরস্কৃত করা হবে।

০৩। উল্লিখিত প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/মাঠ-পর্যায়ের অফিসসমূহ কর্তৃক অনুসরণের জন্য সরকার নিম্নরূপ নির্দেশাবলি জারি করছে:

(ক) জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা জানুয়ারি-মার্চ ২০১৮ সময়ে অনুষ্ঠিত হবে। কার্যক্রম শুরু করার সুবিধার্থে একটি সম্ভাব্য ক্যালেন্ডার সংযুক্ত করা হল **(পরিশিষ্ট-ক)**।

(খ) প্রতিযোগিতা তিনটি স্তরে যথা: স্কুল, কলেজ ও মাদ্রাসায় প্রাথমিক স্তরে প্রথম থেকে পঞ্চম শ্রেণি; মাধ্যমিক স্তরে ষষ্ঠ থেকে দশম শ্রেণি এবং উচ্চ মাধ্যমিক স্তরে একাদশ থেকে দ্বাদশ শ্রেণি পর্যায়ে অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় ছেলে ও মেয়ে উভয়ের (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

(গ) দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'The National Anthem Rules, 1978' বিষয়ে পাঠদানের জন্য জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট থেকে বিধিমালাটি প্রিন্ট করে একটি করে কপি প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে পৌঁছানো নিশ্চিত করবেন।

(ঘ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সকল উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে তাদের স্ব স্ব দপ্তরসমূহকে এ কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয়ভাবে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে অবিলম্বে যথাযথ নির্দেশনা প্রদান করবে।

(ঙ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ শিল্পকলা একাডেমির মাধ্যমে 'The National Anthem Rules, 1978' অনুযায়ী শুদ্ধভাবে গাওয়া জাতীয় সংগীতের একটি সিডি/সফট ভার্সন জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহ এবং নিয়মিত রেওয়াজের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সফট ভার্সনটি ইউটিউবে আপলোড করার ব্যবস্থা নিতে হবে।

(চ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দেশব্যাপী ডিজিটাল সেন্টারসমূহের মাধ্যমে প্রতিটি ইউনিয়নের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শুদ্ধভাবে গাওয়া জাতীয় সংগীতের সিডি/সফট ভার্সন সরবরাহ এবং ইউটিউবে আপলোডে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

ক্রমিক নং.........তারিখ........
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উপজেলা)
যুগ্ম-সচিব (অডিট)
যুগ্ম-সচিব ( )
উপ-সচিব ( )
সিঃ সহঃ সচিব ( )
পার্সোনাল অফিসার
অতিরিক্ত সচিব (প্রশা)
স্থানীয় সরকার বিভাগ

যুগ্ম-সচিব (প্রশাসন)
শাখা : প্রশাসন-১/২/ জেপ

(ছ) তথ্য মন্ত্রণালয় ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার মাধ্যমে জাতীয় সংগীত শুদ্ধভাবে গাওয়া এবং প্রতিযোগিতার কর্মসূচিটি সম্পর্কে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে এক বা একাধিক টেলিভিশন ও বেতার চ্যানেলকে মিডিয়া পার্টনার হিসাবে গ্রহণ করা যেতে পারে।

(জ) মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা অনুসারে কেন্দ্রীয় পর্যায়, বিভাগ, জেলা ও উপজেলায় কর্মসূচিটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং এ সংক্রান্ত ব্যয়ভার নির্বাহের জন্য অর্থ বিভাগ প্রয়োজনীয় অর্থ ছাড় করবে।

(ঝ) কর্মসূচির চূড়ান্ত প্রতিযোগিতা জাতীয় পর্যায়ে ২০ মার্চ ২০১৮-এর মধ্যে সম্পন্ন করতে হবে। ২৬ মার্চ ২০১৮ তারিখে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাধীনতা ও জাতীয় দিবসের সালাম গ্রহণকালে সারাদেশে ও প্রবাসে একযোগে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে এ কর্মসূচি সমাপ্ত হবে।

(ঞ) কর্মসূচিটি সফলভাবে বাস্তবায়নের জন্য কেন্দ্রীয়ভাবে নিম্নরূপ একটি কমিটি গঠন করা হল। এই কমিটি 'শুদ্ধভাবে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজন সমন্বয় কমিটি' নামে অভিহিত হবে।

**কেন্দ্রীয় কমিটি**

| | | | |
|---|---|---|---|
| ১. | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | – | সভাপতি |
| ২. | অতিরিক্ত সচিব (বিধি ও সেবা), মন্ত্রিপরিষদ বিভাগ | – | সদস্য |
| ৩. | প্রতিনিধি (মহাপরিচালকের নিম্নে নয়), প্রধানমন্ত্রীর কার্যালয় | – | সদস্য |
| ৪. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), অর্থ বিভাগ | – | সদস্য |
| ৫. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | – | সদস্য |
| ৬. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | – | সদস্য |
| ৭. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | – | সদস্য |
| ৮. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | – | সদস্য |
| ৯. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), তথ্য মন্ত্রণালয় | – | সদস্য |
| ১০. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), স্থানীয় সরকার বিভাগ | – | সদস্য |
| ১১. | প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | – | সদস্য |
| ১২. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | – | সদস্য |
| ১৩. | বাংলাদেশ শিশু একাডেমির একজন প্রতিনিধি (পরিচালকের নিম্নে নয়) | – | সদস্য |
| ১৪. | সংগীতে বিশেষজ্ঞ ২ জন ব্যক্তি (সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ১৫. | উপসচিব, বিধি অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ | – | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) কেন্দ্রীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনে সমন্বয়ের দায়িত্ব পালন।
(খ) বিভাগীয়, জেলা ও উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান।
(গ) জাতীয় পর্যায়ে চূড়ান্ত প্রতিযোগিতা আয়োজনের ব্যবস্থা গ্রহণ।
(ঘ) কমিটি প্রয়োজনবোধে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ট) বিভাগীয় পর্যায়ে এ প্রতিযোগিতা আয়োজনের নিমিত্ত নিম্নরূপ কমিটি গঠন করা হল।

**বিভাগীয় কমিটি**

| | | | |
|---|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | – | আহ্বায়ক |
| ২. | বিভাগীয় সদরের জেলা প্রশাসক | – | সদস্য |
| ৩. | বিভাগীয় সদরে অবস্থিত সরকারি কলেজের অধ্যক্ষ | – | সদস্য |
| ৪. | পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা | – | সদস্য |
| ৫. | উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা | – | সদস্য |
| ৬. | সংগীতে বিশেষজ্ঞ ২ জন ব্যক্তি (বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ৭. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | – | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) বিভাগীয় পর্যায়ে জাতীয় সংগীত প্রতিযোগিতা আয়োজনের দায়িত্ব পালন।
(খ) জেলা ও উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান।
(গ) কমিটি প্রয়োজনবোধে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঠ) জেলা পর্যায়ে প্রতিযোগিতাটি আয়োজনের নিমিত্ত নিম্নরূপ কমিটি গঠন করা হল:

**জেলা কমিটি**

| | | | |
|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | – | আহ্বায়ক |
| ২. | জেলা পর্যায়ে অবস্থিত কলেজের অধ্যক্ষ | – | সদস্য |
| ৩. | জেলা শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৪. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৫. | জেলা কালচারাল অফিসার | – | সদস্য |
| ৬. | সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি | – | সদস্য |
| ৭. | জেলা তথ্য কর্মকর্তা | – | সদস্য |
| ৮. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | – | সদস্য |
| ৯. | জেলা পর্যায়ে অবস্থিত সরকারি বালক/বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক | – | সদস্য |
| ১০. | সংগীতে বিশেষজ্ঞ ২ জন ব্যক্তি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ১১. | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | – | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

ক) জেলা পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের দায়িত্ব পালন।
(খ) উপজেলা কমিটিকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান।
(গ) কমিটি প্রয়োজনবোধে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ড) উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিযোগিতাটি আয়োজনের নিমিত্ত নিম্নরূপ কমিটি গঠন করা হল:

**উপজেলা ও ইউনিয়ন কমিটি**

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | – | আহ্বায়ক |
| ২. | উপজেলা পর্যায়ে অবস্থিত কলেজের অধ্যক্ষ | – | সদস্য |
| ৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৪. | উপজেলা শিক্ষা অফিসার | – | সদস্য |
| ৫. | উপজেলা পর্যায়ে অবস্থিত উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক | – | সদস্য |
| ৬. | সংগীতে বিশেষজ্ঞ ২ জন ব্যক্তি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | – | সদস্য |
| ৭. | সহকারী কমিশনার (ভূমি) | – | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি:**

(ক) উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের দায়িত্ব পালন।
(খ) কমিটি প্রয়োজনবোধে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৪। এমতাবস্থায়, শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়া এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে সরকার কর্তৃক দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনে সংশ্লিষ্ট সকলে যথাযথভাবে দায়িত্ব পালনে সচেষ্ট হবেন।

মোঃ নাজমুল হুদা সিদ্দিকী
উপসচিব
বিধি অধিশাখা
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫৭৫৪৪৬
ই-মেইল: rules_sec@cabinet.gov.bd

বিতরণ *(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)*:

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৯. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
১০. সচিব, তথ্য মন্ত্রণালয়।
১১. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়।
১২. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি।
১৩. অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
১৪. বিভাগীয় কমিশনার (সকল)।
১৫. জেলা প্রশাসক (সকল)।
১৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

পরিশিষ্ট-ক

# সম্ভাব্য ক্যালেন্ডার

| ক্রম | প্রস্তাবিত সময় | পর্যায় | কার্যক্রম | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | ১১-১৩ জানুয়ারি ২০১৮ | উন্নয়ন মেলা | জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতার প্রাথমিক ঘোষণা | উপজেলা/জেলা প্রশাসন/তথ্য মন্ত্রণালয় |
| ২. | ২০-৩১ জানুয়ারি ২০১৮ | স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায় | আন্তঃশ্রেণি প্রতিযোগিতা | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ৩. | ০১-০৭ ফেব্রুয়ারি ২০১৮ | ইউনিয়ন পর্যায় | আন্তঃস্কুল, কলেজ ও মাদ্রাসা প্রতিযোগিতা | ঐ |
| ৪. | ১০-১৫ ফেব্রুয়ারি ২০১৮ | উপজেলা পর্যায় | আন্তঃইউনিয়ন প্রতিযোগিতা | উপজেলা নির্বাহী অফিসার |
| ৫. | ২২-২৮ ফেব্রুয়ারি ২০১৮ | জেলা পর্যায় | আন্তঃউপজেলা প্রতিযোগিতা | জেলা প্রশাসক |
| ৬. | ০৫-১১ মার্চ ২০১৮ | বিভাগীয় পর্যায় | আন্তঃজেলা প্রতিযোগিতা | বিভাগীয় কমিশনার |
| ৭. | ১৫-২০ মার্চ ২০১৮ | জাতীয় পর্যায় | চূড়ান্ত প্রতিযোগিতা | মন্ত্রিপরিষদ বিভাগ |
| ৮. | ২৬ মার্চ ২০১৮ | বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম থেকে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাধীনতা দিবসের সালাম গ্রহণকালে সারাদেশে ও প্রবাসে একযোগে জাতীয় সংগীত পরিবেশনা | | মন্ত্রিপরিষদ বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয়/জেলা প্রশাসক, ঢাকা |